

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৫৩

১৮. व्यवञा-वानिका वधाय (کتاب البيوع)

পরিচ্ছেদঃ ৭২, মুখাবারাহ (এক প্রকার ভাগে চাষ বা বর্গাচাষ) সম্পর্কে

باب فِي النَّهْي عَنْ الْمُخَابَرَةِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْحَسَنِ عَنْ زَكَرِيًّا بْنِ إِسْحَقَ حَدَّثَنَا أَبُو الزُّبَيْرِ أَنَّهُ سَمِعَ جَابِرًا يَقُولُ كُنَّا نُخَابِرُ قَبْلَ أَنْ يَنْهَانَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْخِبْرِ بَسَنَتَيْنِ أَوْ ثَلَاثٍ عَلَى لَتُلُثِ وَلَلَّمَ عَنْ الْخِبْرِ بَسَنَتَيْنِ أَوْ ثَلَاثٍ عَلَى التَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ كَانَتْ لَهُ التَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ كَانَتْ لَهُ التَّهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَنْ كَانَتْ لَهُ أَرْضَ فَلْيَحْرُثُهَا فَلْيَمْنَحْهَا أَخَاهُ فَإِنْ كَرِهَ أَنْ يَمْنَحَهَا أَخَاهُ فَلْيَدَعْهَا أَخَاهُ فَإِنْ كَرِهَ أَنْ يَمْنَحَهَا أَخَاهُ فَلْيَدَعْهَا

বাংলা

২৬৫৩. জাবির রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বর্গা চাষ হতে নিষেধ করার পূর্বে আমরা দুই কিংবা তিন বছরের জন্য এক-তৃতীয়াংশ, এক-চতুর্থাংশ ফসলের ও (এমনকি) খড়ের শর্তে বর্গা চাষ করতাম। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে বললেন, "যে ব্যক্তির নিকট জমি রয়েছে, সে যেন নিজে চাষ করে অথবা নিজে চাষ করতে অপছন্দ করলে তা যেন তার ভাইকে দিয়ে দেয়। যদি সে তা তার ভাইকে দিয়ে দিতে অপছন্দ করে, তবে সে যেন তার জমি ফেলে রাখে।"[1]

ফুটনোট

মুখাবারাহ: ইমাম নাবাবী রাহিমাহুল্লাহ বলেন: 'বর্গা চাষ বা ভাগে চাষ ও 'মুখাবারাহ কাছাকাছি দু'টি চাষাবাদ পদ্ধতি; তা হলো: জমিতে উৎপাদিত ফসলের এক তৃতীয়াংশ, এক চতুর্থাংশ কিংবা অন্য যেকোন নির্ধারিত অংশ প্রদানের শর্তে (অন্যের দ্বারা) জমি চাষ করিয়ে নেওয়া। তবে বর্গাচাষে বীজ থাকে জমির মালিকের আর মাখাবারাহ' পদ্ধতিতে বীজ থাকে বর্গাচাষীর।… (মুহাক্কিকের টীকা-অনুবাদক)

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী ও মুসলিম কর্তৃক সম্মিলিত ভাবে বর্ণিত।

তাখরীজ: বুখারী, মাযারাআ'হ ২৩৪০; মুসলিম, বুয়ু ১৫৩৬।



আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৮৪৪, ১৯৯৬, ২০৩৫ ও সহীহ ইবনু হিব্বান নং ৫৯৯৫ এবং মুসনাদুল হুমাইদী ১৩১৮, ১৩১৯ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন